অতি জরুরি

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৮১ তারিখ ঃ ১৯-০২-২০১৯ খ্রিঃ

## প্রজ্ঞাপন

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্য পদে উপনির্বাচন, বরগুনা জেলা আমতলী পৌরসভার সাধারণ নির্বাচন এবং ঝিনাইদহ জেলার কালিগঞ্জ পৌরসভার মেয়রের শূন্য পদে উপনির্বাচন আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ অনুষ্ঠিত হবে। এ প্রেক্ষিতে ১৯৮৩ সালের মোটর ভেহিক্যাল্স অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)-এর ৮৮ ধারা অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের শূন্য পদে উপনির্বাচন, বরগুনা জেলা আমতলী পৌরসভার সাধারণ নির্বাচন এবং ঝিনাইদহ জেলার কালিগঞ্জ পৌরসভার মেয়রের শূন্য পদে উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৭ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে ঃ

(১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক
(২) ট্যাক্সি ক্যাব
(৩) মাইক্রোবাস
(৪) জীপ
(৫) পিক আপ
(৬) কার
(৭) বাস
(৮) ট্রাক
(৯) টেম্পো
(১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন

২। এছাড়া, ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০১ মার্চ, ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ রাখার সিদ্ধান্ত হয়েছে।

৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় মহাসড়ক ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির হওয়ার জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরুপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিল করতে হবে।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপ ও প্রযোজ্য ক্ষেত্রে শিথিল করার নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

অপর পাতায় দ্রষ্টব্য

www.rthd.gov.bd || date: 2019-02-20

নং--৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৮১/১(২৫)　　　　　　　　　　　　　　　　তারিখ ঃ ১৯-০২-২০১৯ খ্রিঃ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, ............................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৬। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাস্ট্র মন্ত্রণালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭। সচিব............................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
৮। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা ইহার সহিত তাঁর ১৩-০২-২০১৯ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১৩০ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)।
৯। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা।
১০। মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব হেডকোয়াটার, কুর্মিটোলা, ঢাকা।
১১। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা (দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২। বিভাগীয় কমিশনার, ........................................(সংশ্লিষ্ট)।
১৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, ........................................( সংশ্লিষ্ট রেঞ্জ)।
১৪। জেলা প্রশাসক, ....................................................(সংশ্লিষ্ট)।
১৫। পুলিশ সুপার, ......................................................(সংশ্লিষ্ট)।
১৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ......................................(সংশ্লিষ্ট)।
১৭। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০ (তিনশত) কপি জরুরীভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১৯। উপজেলা নির্বাহী অফিসার..................................... (সংশ্লিষ্ট)।
২০। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,..................................(সংশ্লিষ্ট)।
২১। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২২। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,...............................(সংশ্লিষ্ট)।
২৩। জেলা তথ্য অফিসার, ..................................................(সংশ্লিষ্ট)।
২৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব

www.rthd.gov.bd || date: 2019-02-20